

Model Activity Task 2021 October

Model Activity Task Part -7 | Class- 6 | Geography

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর

ষষ্ঠ শ্রেণী। ভূগোল | পার্ট -৭

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখ : ১x৪=৪

১.১ ঠিক জোড়াটি নির্বাচন কর—

ক) এক্সোস্ফিয়ার - মেঘের উপস্থিতি

খ) ভূত্বক - পরিচলন স্রোত

গ) সমুদ্রের জল - পৃথিবীর মোট জলের তিন শতাংশ

ঘ) বিশ্ব উন্নয়ন - মরুভূমির প্রসার

১.২ আন্টার্কটিকার স্থায়ী বাসিন্দা পেঙ্গুইনের প্রধান খাদ্য হল—

ক) সীল খ) তিমি

গ) ক্রিল ঘ) অ্যালবার্ট্রিস

১.৩ সূর্যরশ্মির যে অংশ পৃথিবীর বায়ুমণ্ডলকে উত্তপ্ত না করে সরাসরি মহাশূন্যে ফিরে যায় তাকে বলে—

ক) পার্থিব বিকিরণ খ) কার্যকরী সৌর বিকিরণ

গ) ইনসোলেশন ঘ) অ্যালবেডো।

১.৪ ক্রান্তীয় পর্ণমোচী উদ্ভিদের একটি উদাহরণ হলো—

ক) ফার খ) ক্যাকটাস

গ) পলাশ ঘ) গরান

২. একটি বা দুটি শব্দে উত্তর দাও :

২.১ পৃথিবীর বাইরের শক্ত আবরণ কী নামে পরিচিত ?

উ:- পৃথিবীর বাইরের শক্ত আবরণ শিলামন্ডল নাম পরিচিত।

২.২ 'আন্টার্কটিকা' শব্দটির অর্থ কি ?

উ:- 'আন্টার্কটিকা' শব্দটির অর্থ উত্তরের বিপরীত।

২.৩ কোন গোলার্ধে সমোষ্ণরেখাগুলি পরস্পর থেকে দূরে অবস্থান করে?

উ:- দক্ষিণ গোলার্ধে সমোষ্ণরেখাগুলি পরস্পর থেকে দূরে অবস্থান করে।

২.৪ ভারতের মূল ভূখণ্ডের দক্ষিণতম বিন্দু কোনটি?

উ:- কন্যাকুমারী হলো ভারতের মূল ভূখণ্ডের দক্ষিণতম বিন্দু।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও:

৩.১ 'বায়ুমণ্ডলই পৃথিবী জীবনধারণের অনুকূল তাপমাত্রা বজায় রাখে' -বক্তব্যটির যথার্থতা বছর করে।

উ:- পৃথিবীকে ঘিরে বায়ুর স্তর না থাকলে অন্যান্য গ্রহের মতোই পৃথিবীও প্রাণহীন হয়ে যেত। কারণ-

- (i) বায়ু ছাড়া উদ্ভিদ ও প্রাণীর বেঁচে থাকার উপায় হতো না।
- (ii) সূর্যের তাপে পৃথিবী উত্তপ্ত হয় আর দিন ও রাত মিলিয়ে ঐ তাপ ধীরে ধীরে বেরিয়ে যায়। বায়ুমণ্ডল না থাকলে সূর্যাস্তের পর হঠাৎ ভীষণ ঠান্ডা আর সূর্যোদয়ের পর হঠাৎ প্রবল গরম হয়ে যেত পৃথিবী। বায়ুমণ্ডলের জন্য পৃথিবীতে জীবনধারণের অনুকূল তাপমাত্রা বজায় আছে।
- (iii) এছাড়াও, প্রতিদিন প্রায় ১০ হাজার কোটি ছোটো ছোটো উল্কা পৃথিবীর দিকে ছুটে আসে। কিন্তু বায়ুমণ্ডলের সাথে ঘষা গেলে জ্বলে ছাই হয়ে যায়। তাই পৃথিবীর ক্ষতির হাত থেকে সুরক্ষিত থাকে।

৩.২ আন্টার্কটিকার জলবায়ুর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

উ:- আন্টার্কটিকার জলবায়ুর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করা হলো -


চিরস্থায়ী বরফ আবৃত থাকে বলে এই মহাদেশ পৃথিবীর শীতলতম অঞ্চল। সারাবছরই হিমশীতল আবহাওয়া, কনকনে ঠান্ডা বাতাস আর তুষার ঝড় চলে। পৃথিবীর শীতলতম স্থান হলো আন্টার্কটিকার ভাস্টক।

মে-অগাস্ট মাসে ২৪ ঘন্টায় অন্ধকার থাকে। এই সময় আকাশে সূর্যের দেখা যায় না। মাঝে মাঝে আকাশে সবুজ, নীল, লাল রঙের মেরুজ্যোতি দেখা যায়।

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও:

৪.১ পৃথিবীর তাপমন্ডলের একটি চিহ্নিত চিত্র অঙ্কন করো।

উঃ-



৫. নীচের প্রশ্নটির উত্তর দাও :

৫.১ কী কী উপায়ে মাটি সংরক্ষণ করা যেতে পারে বলে তুমি মনে করো ?

উ মাটির ক্ষয়রোধ করতে মাটিকে সংরক্ষণ করা উচিত।

মাটি সংরক্ষণের উপায় গুলি হলো -

- পশুচারণ নিয়ন্ত্রিত মাত্রায় করা উচিত।
- মাটির অতিরিক্ত গভীরে খনিজ সম্পদ আহরণ করা বন্ধ করা উচিত।
- পাহাড়ের ঢালু অংশে ধাপ কেটে চাষ করা উচিত।
- অপরিকল্পিতভাবে গাছ কাটা বন্ধ করা উচিত।
- বেশি পরিমাণে চারাগাছ রোপণ করা উচিত।
- মাত্রাতিরিক্ত ঢালু অংশে রাস্তাঘাট, ঘরবাড়ি নির্মাণ করা উচিত নয়।